

**তথ্য কমিশন**  
প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১০৭/২০১৬

অভিযোগকারী : জনাব মোঃ হাবিবুর রহমান রাজ  
পিতা:- মোঃ সিরাজুল ইসলাম  
ঠিকানা-দৈনিক সরেজমিন বার্টা  
৭৫, সিদ্দেশ্বরী সার্কুলার রোড  
মালিবাগ, ঢাকা।

প্রতিপক্ষ : জনাব মোঃ শফিউল আলম  
সচিব  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
মুলাদি পৌরসভা কার্যালয়  
মুলাদি, বরিশাল।

**সিদ্ধান্তপত্র**

(তারিখ : ১৬-০৬-২০১৬ ইং)

অভিযোগকারী ২২-১২-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ শফিউল আলম, সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), মুলাদি পৌরসভা কার্যালয়, মুলাদি, বরিশাল বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

**দরপত্র বিজ্ঞপ্তি ও বিজ্ঞাপন বিষয়ক তথ্যঃ**

দরপত্র বিজ্ঞপ্তি নং - ০৪/২০১৫-২০১৬

স্মারক নং - Mula/pour/2015/293

তারিখঃ ১৩-০৮-২০১৫ ইং

- ক) উল্লেখিত নম্বরের দরপত্র বিজ্ঞপ্তি যেসব জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত হয়েছে সেসব পত্রিকার নাম  
খ) বিজ্ঞপ্তি যে তারিখে পত্রিকায় প্রকাশিত হয়েছে সেই তারিখ  
গ) যে প্রতিষ্ঠানটি কার্যাদেশ পেয়েছে তার নাম ও ব্যবসায়িক ঠিকানা  
ঘ) যে কয়টি সিডিউল জমা পড়ছিলো তার বিস্তারিত  
ঙ) দরপত্র মূল্যায়ন কমিটির সিদ্ধান্তপত্র  
চ) বিজ্ঞপ্তি প্রকাশের পর পত্রিকা কর্তৃপক্ষ যে বিল/ ভাউচারের মাধ্যমে বিজ্ঞাপনের বিলের টাকা দাবী করেছে সেই বিল দাবীর কাগজ পেতে চাই।

২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৫-০২-২০১৬ তারিখে জনাব মোঃ শফিক উজ্জমান (রংবেল), মেয়র ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), মুলাদি পৌরসভা কার্যালয়, মুলাদি, বরিশাল রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ১২-০৪-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ২৫-০৫-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ১৬-০৬--২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।।  
অদ্য ১৬-০৬--২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির।

৪। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে রেজিস্ট্রি ডাকযোগে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

৫। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর চাহিত তথ্যাদি অভিযোগকারীকে সরবরাহ করা হয়েছে মর্মে তিনি কমিশনকে অবহিত করেন। অনাকাঞ্জিত বিলম্বের জন্য তিনি কমিশনের নিকট লিখিতভাবে ক্ষমা প্রার্থনা করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট প্রার্থনা করেন। তবে অভিযোগকারী অদ্যাবধি তথ্য পাননি মর্মে কমিশনের জিঙ্গাসার জবাবে জানান।

### পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণাত্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনাত্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর চাহিত তথ্যাদি পুনরায় সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনাত্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ০৭ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থীত পূর্ণাঙ্গ তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মোঃ শফিউল আলম, সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), মুলাদি পৌরসভা কার্যালয়, মুলাদি, বরিশাল কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হলো। অন্যদিকে তথ্য অধিকার বিষয়ক দায়িত্ব পালনে ভবিষ্যতে আরো সচেতন থাকার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সতর্ক করা হয়।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাইদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)  
প্রধান তথ্য কমিশনার